# সিঙ্গাপুর এয়ারলাইন্সের বিশেষ অফার ঘোষণা

- A Monitor Desk Report | Date: 04 October, 2025



**ঢাকা : ঢাকা থেকে দক্ষিণ এশিয়া ও অস্ট্রেলিয়ার বিভিন্ন রুটের টিকিটে বিশেষ অফার ঘোষণা করছে সিঙ্গাপুর এয়ারলাইন্স। তবে শুধুমাত্র নির্দিষ্ট তারিখের নির্দিষ্ট রুটের ফ্লাইটের জন্য এই অফার প্রযোজ্য হবে।**

সম্প্রতি যাত্রীদের জন্য এই ছাড় দিয়েছে এয়ারলাইন্সটি। উড়োজাহাজে সিট থাকা সাপেক্ষে ছাড়ের টিকিট যেকোনো সময় কাটা যাবে। তবে টিকিটে ভ্রমণ করতে হবে ২০২৬ সালের জানুয়ারি মাসের ৩১ তারিখ পর্যন্ত।

সিঙ্গাপুর এয়ারলাইন্স জানায়, ঢাকা থেকে বাংলাদেশের যাত্রীরা অল্প খরচে সিঙ্গাপুরে ট্রানজিট নিয়ে দক্ষিণ এশিয়ার গন্তব্যগুলোতে ঘুরতে যেতে পারবেন। যাত্রীরা ৪১ হাজার ৪১৭ টাকায় থাইল্যান্ডের ফুকেট, ৩৮ হাজার ৭৯১ টাকায় মালয়েশিয়ার কুয়ালালামপুর, ৫১ হাজার ১৭০ টাকায় ইন্দোনেশিয়ার বালি ও ৪৪ হাজার ৫৫৩ টাকায় সিঙ্গাপুরের রিটার্ন টিকিট কাটতে পারবেন।

এছাড়াও এয়ারলাইন্সটিতে অস্ট্রেলিয়ার মেলবোর্নের ভাড়া পড়বে ১ লাখ ১৭ হাজার ৫৭১ টাকা, সিডনির রিটার্ন টিকিট পাওয়া যাবে ১ লাখ ১৮ হাজার ৬২৬ টাকায়।

টিকিট কাটার শর্ত হিসেবে সিঙ্গাপুর এয়ারলাইন্স জানায়, সিট থাকা সাপেক্ষে এই ছাড় পাওয়া যাবে। এই ভাড়ায় টিকিট কাটার পর ক্যান্সেল করলে যাত্রী কোনো টাকা ফেরত পাবে না। এছাড়াও টিকিটে কারো নামের পরিবর্তন কিংবা যাত্রার তারিখ পরিবর্তন করা যাবে না। তবে বাংলাদেশ, কম্বোডিয়া, ভারত, মিয়ানমার, নেপাল, শ্রীলঙ্কা, থাইল্যান্ড ও ভিয়েতনাম থেকে যাত্রা শুরুর ক্ষেত্রে ভিসা আবেদন বাতিল হলে যাত্রীদের সম্পূর্ণ টিকিটমূল্য ফেরত দেওয়া হবে। সেক্ষেত্রে ভিসা বাতিলের অফিসিয়াল কাগজপত্র সিঙ্গাপুর এয়ারলাইন্সে জমা দিতে হবে।

এই টিকিটে ভ্রমণের সময় যাত্রীরা ২৫ কেজি চেক-ইন ব্যাগেজ এবং ৭ কেজি হ্যান্ড ব্যাগেজ নিতে পারবেন। বাংলাদেশের যেকোনো ব্যাংকের আন্তর্জাতিক (ডুয়েল কারেন্সি) ডেবিট কিংবা ক্রেডিট কার্ড দিয়েই কাটা যাবে সিঙ্গাপুর এয়ারলাইন্সের টিকিট।

-B